



রেজিস্ট্রার-এর কার্যালয়

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্ধ্যা, টাঙ্গাইল-১৯০২ ফোনঃ ০৯২১-৬২৪০১, টেলি-ফ্যাক্সঃ ০৯২১-৬২১৬৯

সূত্রঃ PDW/e-GP/Physics/2020-2021/19/০০২

তারিখঃ ৩০ আশ্বিন ১৪৩০
১৫ অক্টোবর ২০২৩

প্রাপক

দি আর্ট পয়েন্ট (The Art Point)

ট্রেড লাইসেন্স নং-ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্স নং- ০৪-৩৮২৭৩,

বিন নং- ০০১৬০৫২৭৩-০৪০১

স্বত্বাধিকারী - আবু নাছের মোহাম্মদ ফায়েজুদ্দীন

জাতীয় পরিচয় পত্র নং-১৯৮৫২৬৯৭৫৫৭৪০৭৪০১

বর্তমান ঠিকানা -৬৯/১, মধ্য পাইকপাড়া, মিরপুর-১, ঢাকা-১২১৬

স্থায়ী ঠিকানা- নামঃ আবু নাছের মোহাম্মদ ফায়েজুদ্দীন, পিতাঃ আবু তাহের মোহাম্মদ শামছুদ্দীন, মাতা-জিন্নাতুন নেছা, হোল্ডিং/ গ্রাম- ০৭, রোড নং/পোস্ট অফিস-ওছখালী, থানা-হাতিয়া, জেলা- নোয়াখালী।

বিষয়ঃ কালো তালিকাভুক্তকরণ (Black listed) প্রসঙ্গে।

সূত্রঃ Package No.-PDW/e-GP/Physics/2020-2021/19 (Tender ID: 586139); Date: 31.10.2021

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, “মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শক্তিশালীকরণ”-শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্তে আহবানকৃত দরপত্রের (Procurement of Scientific Equipment for the Department of Physics under the Strengthening of MBSTU Project; যার Tender ID:586139) বিপরীতে “Notification of Award (NoA)” প্রাপ্ত ঠিকাদারি প্রতিষ্ঠান “দি আর্ট পয়েন্ট (The Art Point)” দরপত্রে উল্লেখিত মালামালসমূহ পদার্থবিজ্ঞান বিভাগে সরবরাহ না করায়; যন্ত্রপাতির অভাবে ল্যাবরেটরিসমূহ পরিচালনা করা দুরূহ এবং শিক্ষার্থীরা বধিতসহ পদার্থবিজ্ঞান বিভাগে অপূরণীয় ক্ষতি হয়েছে মর্মে পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যানসহ ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটির আবেদনের প্রেক্ষিতে অভিযোগটি যাচাই-বাছাই করে সুপারিশ প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ২৩২তম রিজেন্ট বোর্ডের (তারিখ ১৯ জুন ২০২৩) সভায় গঠিত তদন্ত কমিটির সুপারিশ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ২৩৫তম রিজেন্ট বোর্ড (তারিখ ২৯ আগস্ট ২০২৩) সভার সিদ্ধান্ত অনুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠানের এ ধরনের গাফিলতি, অপেশাদারী ও প্রতারণামূলক কর্মকাণ্ড এবং অসদাচরণের কারণে জনাব আবু নাছের মোহাম্মদ ফায়েজুদ্দীনসহ তার স্বত্বাধিকারী ঠিকাদারি প্রতিষ্ঠান “দি আর্ট পয়েন্ট (The Art Point)”-কে ভবিষ্যতে এ বিশ্ববিদ্যালয়ের সব ধরনের ক্রয়কার্যে রহিতকরণ করে এ বিশ্ববিদ্যালয়ে কালো তালিকাভুক্ত (Black listed) করা হলো।

ধন্যবাদান্তে-

ড. মোহাঃ তৌহিদুল ইসলাম

রেজিস্ট্রার

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্ধ্যা, টাঙ্গাইল- ১৯০২।

অনুলিপিঃ (কার্যার্থে ও জ্ঞাতার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব/সচিব (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মহাপরিচালক (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
০৪. কমিশনার (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), মতিঝিল, ঢাকা।
০৫. ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. প্রো-ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. কোষাধ্যক্ষ অফিস, মাভাবিপ্রবি (কোষাধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. ডীন, বিজ্ঞান অনুষদ, মাভাবিপ্রবি।
০৯. চেয়ারম্যান, পদার্থবিজ্ঞান বিভাগ, মাভাবিপ্রবি।
১০. পরিচালক, আইসিটি সেল, মাভাবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১১. উপ-রেজিস্ট্রার, কাউন্সিল শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
১২. উপ-পরিচালক, জনসংযোগ ও প্রেস প্রকাশনা দপ্তর (জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য, বর্ণনামতে ০১ পাতা)
১৩. নথি।